**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/4/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের মাধ্যমে 8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ প্রদানের ঘোষণা করলেন

## *অর্থায়িত উদ্ভাবনসমূহ নিউ ইয়র্ক স্টেটকে সংক্রামক ব্যাধি অনুসন্ধান ও বিকাশের ক্ষেত্রে সম্মুখসারিতে স্থাপন করে, একইসাথে স্টেটের লাইফ সাইন্স ইকোসিস্টেম বলীয়ান করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের 40 মিলিয়ন মার্কিন ডলারের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের (New York State Biodefense Commercialization Fund) দ্বিতীয় রাউন্ডের বিজয়ীদের নাম ঘোষণা করলেন। কর্মসূচিটি তৈরি করা হয়েছে কোভিড-19 এবং এর ভ্যারিয়েন্টসহ মারাত্মক সংক্রামক রোগের ঝুঁকি সমাধানে লাইফ সাইন্স উদ্ভাবনের বিকাশ ও বাণিজ্যিকীকরণ ত্বরান্বিত করতে এবং একই সাথে কর্মসংস্থান সৃষ্টি করতে এবং নিউ ইয়র্কের বর্ধিষ্ণু লাইফ সাইন্স শিল্পের প্রবৃদ্ধি উৎসাহিত করতে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) বোর্ডের অনুমোদনের পর, আঠারোটি অনুদান হিসেবে মোট 8,899,998 মার্কিন ডলার অনুদান প্রদান করার প্রতিশ্রুতি দেওয়া হবে।

"সংক্রামক ব্যাধির হুমকির বিরুদ্ধে লড়াই করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতি এখন সবথেকে বেশি দৃঢ়," **গভর্নর হোকল বলেন।** "বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল এবং সম্প্রতি ঘোষিত ল্যাব অফ দ্যা ফিউচারের (Lab of the Future) মতো কর্মসূচিগুলি মারাত্মক সংক্রামক ব্যাধির জন্য উদ্ভাবনী সমাধানের বিকাশকে উদ্দীপিত করবে এবং একইসাথে দেশের সবথেকে বলীয়ান লাইফ সাইন্স ইকোসিস্টেম গঠন করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কমিশনার এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন,** "বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের ইতিমধ্যেই একটি প্রভাব রয়েছে -- উদ্ভাবনী গবেষণার জন্য বাণিজ্যিকীকরণের পথ করে দেওয়া, কর্মসংস্থান ও বিনিয়োগ তহবিল যোগ করা, এবং স্টেটে কোম্পানিসমূহকে আকৃষ্ট করা। পাশাপাশি, আবেদনের প্রথম রাউন্ডে যেসব স্টার্টআপ কোম্পানি বায়োডিফেন্স অনুদান পেয়েছে তারা অগ্রগতি প্রদর্শন করছে, তারা অতিরিক্ত 5.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আনতে পেরেছে এবং অর্থপ্রাপ্তির প্রথম ছয় মাসের মধ্যে তিনটি পেটেন্টের জন্য আবেদন করেছে।"

সুপারিশকৃত প্রাপকদের দ্বিতীয় রাউন্ডে রয়েছে:

**স্টার্টআপ কোম্পানি (6,900,000 মার্কিন ডলার তহবিল)**

**AACT, ইনকর্পোরেটেড - 1,900,00 মার্কিন ডলার: (প্রেমকুমার রেড্ডি,পিএইচডি)** ***অ্যান্টি ভাইরাল থেরাপি হিসেবে ক্ষুদ্র মলিকিউল কিনাসে ইনহিবিটরের বিকাশ*** AACT, ইনকর্পোরেটেডের প্রধান উদ্দেশ্য হলো ভাইরাল প্রতিলিপি, ভাইরাল প্যাথোজেনেসিস, এবং পোষকের রোগ প্রতিরোধক ব্যবস্থার মডুলেশনের জন্য নভেল ক্ষুদ্র মলিকিউল কিনাসে ইনহিবিটরের বিকাশ করা। ESD থেকে প্রাপ্ত তহবিল সংক্রামক ভাইরাসের সংক্রমণ, জীবনচক্র, এবং ট্রান্সমিশনের সাথে দৃঢ়ভাবে জড়িত কিনাসে লক্ষ্য, যার মধ্যে সিভিয়ার অ্যাকিউট রেস্পিরেটরি সিনড্রোম সম্পর্কিত করোনাভাইরাস যেমন SARS-CoV-2 অন্তর্ভুক্ত, তাদের বিরুদ্ধে ক্লিনিক্যাল যৌগের অগ্রগতি সম্ভব করে।

**ক্যাসলভ্যাক্স, ইনকর্পোরেটেড - 4,000,000 মার্কিন ডলার (মাইকেল ইগান, পিএইচডি)** ***নিউক্যাসল ব্যাধি ভাইরাস ভেক্টর-টিকা প্ল্যাটফর্ম যা ভাইরাল হুমকির সমাধানে আদর্শভাবে উপযুক্ত:*** ক্যাসলভ্যাক্স, ইনকর্পোরেটেড একটি ক্লিনিক্যাল স্টেজ কোম্পানি যারা নিউক্যাসল ব্যাধি ভাইরাস টিকা প্ল্যাটফর্ম ব্যবহার করে বিদ্যমান ও উদীয়মান ভাইরাস বিরোধী টিকা তৈরি করছে। তারা একটি পরবর্তী প্রজন্মের, মিউকোসাল উপায়ে প্রয়োগ করা কোভিড-19 বুস্টার টিকার ক্লিনিক্যাল মূল্যায়নের পর্যায় 2 কে অগ্রসর করছে যার যুগান্তকারী সংক্রমণ ও ট্রান্সমিশন বন্ধ করার সম্ভাবনা রয়েছে।

**TETমেডিকেল, ইনকর্পোরেটেড - 1,000,000 মার্কিন ডলার (রয় কোহেন, পিএইচডি, কোইনভেস্টিগেটর: ডেভিড ফিশেল, পিএইচডি এবং আলেক্সান্ডার ট্র্যাভিস, পিএইচডি)** ***টেথার্ড এনজাইম প্রযুক্তি ব্যবহার করে ভাইরাস ও তাদের ভ্যারিয়েন্ট সনাক্ত করার জন্য আলট্রা-র‍্যাপিড পয়েন্ট-অফ-কেয়ার মলিকিউলার রোগ নির্ণয়:*** TETমেডিকেল, ইনকর্পোরেটেড তাদের নভেল টেথার্ড এনজাইম প্রযুক্তি (Tethered Enzyme Technology, TET) ব্যবহার করে SARS-CoV-2, ইনফ্লুয়েঞ্জা, RSV এবং অ্যাডেনোভাইরাস নির্ণয়ের জন্য একটি বহুস্তরের পরীক্ষা গঠন করছে। এই নভেল বায়োসেন্সর প্ল্যাটফর্মটি ন্যানোপার্টিকেলে নিশ্চল করা এনজাইমের অনুঘটক হিসেবে কাজ করার কর্মদক্ষতা ব্যবহার করে অত্যন্ত সংবেদশীল, আলট্রা-র‍্যাপিড (5 মিনিটের কম সময়), স্বল্প খরচের এবং অত্যন্ত বহনযোগ্য পয়েন্ট-অফ-কেয়ার রোগনির্ণয় সম্ভব করে।

**শিক্ষা প্রতিষ্ঠান (1,999,998 মার্কিন ডলার তহবিল)**

**নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (The State University of New York, SUNY) আপস্টেট মেডিকেল ইউনিভার্সিটি - 500,000 মার্কিন ডলার: (অ্যাডাম ওয়াইকম্যান, পিএইচডি)** ***ফ্ল্যাভিভাইরাস সংক্রমণের চিকিৎসার জন্য কাস্টম নকশা করা IgA মনোক্লোনাল অ্যান্টিবডি:*** ডাঃ ওয়াইকম্যান এবং তার দল ফ্ল্যাভিভাইরাস, যার মধ্যে ডেঙ্গু ভাইরাস, জিকা ভাইরাস এবং পোস্যান ভাইরাস রয়েছে, তার চিকিৎসার জন্য মনোক্লোনাল অ্যান্টিবডির একটি নতুন শ্রেণী তৈরি করছে। এই তিনটি সংক্রামক ব্যাধির চিকিৎসার জন্য দলটি একটি নভেল মনোক্লোনাল অ্যান্টিবডিকে ব্যবহার করছে যা এইসব প্যাথোজেনকে আক্রমণকারী IgG ভিত্তিক

অ্যান্টিবডির সাথে প্রায়শই সংশ্লিষ্ট সংক্রমণ বৃদ্ধিকারী পার্শ্বপ্রতিক্রিয়া ছাড়াই এই ভাইরাসগুলিকে প্রতিরোধ করার ক্ষমতা প্রদর্শন করেছে।

**নিউ ইয়র্ক ইউনিভার্সিটি গ্রসম্যান মেডিসিন স্কুল - 499,998 মার্কিন ডলার: (জেফ বোয়েক, পিএইচডি)** ***নতুন অ্যান্টিবায়োটিক আবিষ্কারের জন্য একটি প্ল্যাটফর্ম:*** ডাঃ বোয়েক আশাপ্রদ মলিকিউলের এক্সপ্রেশন, অপটিমাইজেশন এবং ডাইভার্সিফিকেশন করার জন্য স্যাক্রোমাইসেস সারভিসিকে একটি কাঠামো হিসেবে ব্যবহার করেন যার বিশিষ্ট উদ্দেশ্য হলো টেট্রাসাইক্লিনভিত্তিক অ্যান্টিবডি উৎপন্ন করা। বায়োসিনথেটিক ডিরাইভেটাইজেশনের এবং প্রতিরোধ এড়িয়ে চলে এমন মলিকিউল সনাক্ত করার জন্য ল্যাবটির নভেল ব্যবস্থা এমন ওষুধ তৈরি করতে দেয় যা উৎপাদনের জন্য দ্রুত স্কেল করা যায়।

**নিউ ইয়র্ক ইউনিভার্সিটি - 500,000: মার্কিন ডলার (কেন্ট কিরশেনবাম, পিএইচডি)।** ***ওষুধের প্রতিরোধ এড়াতে পারে এমন প্রত্যক্ষভাবে কার্যকর অ্যান্টিভাইরাল এজেন্টের জন্য একটি বায়োমিমেটিক কৌশল:*** ডাঃ কিরশেনবাম এবং তার দল একটি এধরনের প্রথম ক্ষুদ্র মলিকিউল অ্যান্টিভাইরাল থেরাপিউটিক বিকাশে কাজ করছে যার সরাসরি ভাইরাল কাঠামো ধ্বংস করা এবং তাদের অসংক্রামক করে ফেলার জন্য মানবের সহজাত রোগ প্রতিরোধ ব্যবস্থাকে নকল করার ক্ষমতা রয়েছে। ল্যাবটি এখন কর্মকাণ্ডের পদ্ধতির ব্যাখ্যা প্রদান এবং IND সম্ভবকারী অধ্যয়নে কাজ করছে।

**কলাম্বিয়া ইউনিভার্সিটি আরভিং মেডিকেল সেন্টার এবং ইঞ্জিনিয়ারিং স্কুল, 500,000 মার্কিন ডলার; (জিঙ্গুই জু, পিএইচডি)** ***SARS-CoV-2 এবং মহামারীর সম্ভাবনাসহ অন্যান্য ভাইরাসের সিঙ্গেল মলিকিউল ইলেক্ট্রনিক ন্যানোপোর:*** ডাঃ জু এবং তার দল একটি ইলেক্ট্রনিক সিঙ্গেল মলিকিউল পন্থা ব্যবহার করে একটি নভেল সনাক্তকরণ পদ্ধতির বিকাশ করছেন যা পরিবেশ বা মানব নমুনা থেকে দ্রুত এবং সরাসরি নিম্ন-আধিক্যের ভাইরাস সনাক্ত করতে পারবে। ক্লিনিক্যাল এবং হোমকেয়ার ব্যবস্থায় এই উদ্ভাবনটির ব্যাপক প্রয়োগ থাকবে।

বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের প্রাথমিক অনুদান প্রাপ্তরা 2022 সালের এপ্রিলে আনুমানিক 15 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। সুপারিশকৃত প্রাপকদের দ্বিতীয় রাউন্ডের ফলে প্রতিশ্রুত মোট তহবিল হলো 23,823,684 মার্কিন ডলার। এই রাউন্ডে, অনুদান প্রদান করা হয়েছে তিনটি স্টার্টআপ কোম্পানি, চারটি শিক্ষা প্রতিষ্ঠানকে, যার ফলে মোট অনুদানপ্রাপ্তদের সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে 10টি স্টার্টআপ এবং 13টি শিক্ষা প্রতিষ্ঠান।

তহবিল বাণিজ্যিকীকরণ প্রচেষ্টা ত্বরান্বিত করতে শুধু আর্থিকভাবে সাহায্য করবে না। উদ্যোগের ব্যাপারে এবং বায়োফার্মাসিউটিক্যালসের ব্যাপারে ব্যাপক দক্ষতাসহ 40 জনের বেশি মেন্টরকে তহবিলে নিয়োগ দেওয়া হয়েছে যাতে তারা প্রাপকদের তাদের প্রযুক্তি বাণিজ্যিকীকরণের দিকে অগ্রসর করতে সহায়তা করতে পারে।এই কাস্টোমাইজড পথপ্রদর্শন উদ্ভাবনী বিকাশ এবং কোম্পানির প্রবৃদ্ধি উভয় ক্ষেত্রে একটি সফল সম্মুখগামী পথ তৈরি করতে অত্যন্ত মূল্যবান হবে

অনুমোদিত হলে, বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের অনুদানগুলি বাজারে সংক্রামক ব্যাধির সমাধান নিয়ে আসবে, যার মধ্যে আছে সনাক্তকরণ, থেরাপিউটিক্স এবং অন্যান্য উদ্ভাবন যা মারাত্মক সংক্রামক ব্যাধির বিস্তার ঠেকায় বা প্রশমন করে। মোট 106টি আবেদন গ্রহণ করা হয়েছে; যার মধ্যে 66টি স্টার্টআপ কোম্পানি এবং 40টি একাডেমিক প্রতিষ্ঠানের।

অর্থপ্রাপ্ত প্রকল্পগুলি তাদের ভৌগলিক অবস্থান ও মনোযোগের ভিত্তিতে বৈচিত্র্যময় এবং এগুলি স্টেটের কোম্পানি ও কর্মসংস্থান সৃষ্টি/ধরে রাখা এবং অতিরিক্ত ক্যাপিটাল জোগাড়ের জন্য এর কর্মসূচিসমূহকে কাজে লাগানোর জন্য স্টেটের অর্থনৈতিক প্রচেষ্টাকে দৃঢ়ভাবে সমর্থন করে; স্টার্টআপসমূহকে প্রদত্ত অর্থ বিদ্যমান মোট 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং বিনিয়োগ তহবিল ব্যবহার করবে। পাশাপাশি, বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল অনুদান প্রাপ্ত কোম্পানিসমূহকে অবশ্যই অনুদান সম্পূর্ণ হওয়ার কমপক্ষে তিন বছর পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে থেকে যাওয়ার এবং এখানে ব্যবসা পরিচালনা করা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিতে হবে।

**যোগ্যতা ও তহবিল**

মারাত্মক সংক্রামক ব্যাধির ঝুঁকি প্রতিরোধ, চিকিৎসা বা প্রশমন করার জন্য সম্ভাবনাময় রোগনির্ণয়, টিকা, থেরাপিউটিক্স, এবং অন্যান্য উদ্ভাবন বিকাশকারী স্টার্টআপ কোম্পানিসমূহকে 4 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করার আমন্ত্রণ জানানো হয়েছিলো। নিউ ইয়র্কের একাডেমিক গবেষণা প্রতিষ্ঠানগুলিও লাইফ সাইন্সে অগ্রসর বুদ্ধিমত্তা সম্পদ দ্রুত খুঁজে পেতে সাহায্য করার জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করতে পেরেছে। বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

**নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ**

নিউ ইয়র্কে একটি বিশ্বমানের লাইফ সাইন্স গবেষণা ক্লাস্টারের বিকাশ শুরু করার জন্য নিউ ইয়র্ক স্টেট 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ প্রণয়ন করেছে এবং একইসাথে এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতির প্রবৃদ্ধি করতে স্টেটের ক্ষমতাকে সম্প্রসারিত করে। বহুমাত্রিক উদ্যোগটিতে রয়েছে স্টেটে নতুন লাইফ সাইন্স প্রযুক্তি আকৃষ্ট করা, উদীয়মান লাইফ সাইন্স ক্ষেত্রসমূহে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগের প্রচার করা এবং পুরো নিউ ইয়র্কে লাইফ সাইন্স সম্পর্কিত ব্যবসা ও চাকরি তৈরি ও বিস্তার করার কৌশলী কর্মসূচির জন্য 320 মিলিয়ন মার্কিন ডলার।

লাইফ সাইন্স খাতে রয়েছে বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যালস, বায়োমেডিক্যাল প্রযুক্তি, লাইফ সিস্টেমস প্রযুক্তি, এবং এতে অন্তর্ভুক্ত আছে সেই সব সংস্থা ও প্রতিষ্ঠান যেগুলি গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিকীকরণের বিভিন্ন পর্যায়ে তাদের বেশির ভাগ প্রচেষ্টা নিয়োজিত করে। প্রতিদিন এই খাতের ফার্মগুলি নতুন মেডিক্যাল এবং ফার্মাসিউটিক্যাল উদ্ভাবন করছে যা জীবন রক্ষা করতে পারে, এটি হতে পারে নতুন থেরাপি বা ক্যান্সার বা স্নায়বিক রোগের দ্রুত সনাক্তকরণের মাধ্যমে। এইসব ফার্ম কৃষি এবং পরিবেশগত বায়োটেকনোলজির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে, যা অধিক পরিচ্ছন্ন ও টেকসই ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।

উদ্যোগগুলি জোরদার করে, ফ্যাসিলিটিতে বিনিয়োগ করে, এবং প্রতিভা ও দক্ষতার উপলভ্যতা উন্নত করে, নিউ ইয়র্ক শিল্প-অর্থায়িত গবেষণা ও বিকাশে নিজের ভাগ উল্লেখজনকভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণ সমর্থন করবে, এবং আধুনিক প্রযুক্তির পরবর্তী প্রজন্মে পদার্পণ করবে। বিজ্ঞানের অগ্রগতি ছাড়াও, উদ্যোগটি নিউ ইয়র্ককে উদীয়মান উৎপাদনভিত্তিক উদ্যোগের জন্য একটি চুম্বক হিসেবে স্থাপন করবে, আঞ্চলিক অর্থনীতিসমূহকে জোরদার কবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418